

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৬, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ অগ্রহায়ণ, ১৪২২/২৬ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২৬ নভেম্বর, ২০১৫  
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য  
প্রকাশ করা যাইতেছে:-

২০১৫ সনের ২৭ নং আইন

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪  
নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন উপজেলা পরিষদ (সংশোধন) আইন,  
২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৯৮ সনের ২৪ নং আইনের ধারা ২ এর সংশোধন।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮  
(১৯৯৮ সনের ২৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (ড) এর পর নিম্নরূপ দফা (ডড) সন্তুষ্টিপূর্ণ হইবে, যথা:—

( ৯২৬১ )  
মূল্যঃ টাকা ৮.০০

- (ডড) “রাজনৈতিক দল” অর্থ Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Article 2(xixa) তে সংজ্ঞায়িত registered political party; ”;
- (খ) দফা (চ) এর প্রান্তস্থিত “।” দাঁড়ি চিহ্নটির পরিবর্তে “;” সেমিকোলন চিহ্নটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (গ) সন্নিবেশিত হইবে, যথা:—
- “(গ) “স্বতন্ত্র প্রার্থী” অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।”।

৩। ১৯৯৮ সনের ২৪ নং আইনে নৃতন ধারা ১৬ক এর সন্নিবেশ।—উক্ত আইনের ধারা ১৬ এর পর নিম্নরূপ নৃতন ধারা ১৬ক সন্নিবেশিত হইবে, যথা:—

“১৬ক। নির্বাচনে অংশগ্রহণ।—ধারা ৮ এর বিধান সাপেক্ষে, কোন উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে অংশ গ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।”।

৪। ১৯৯৮ সনের ২৪ নং আইনের ধারা ২০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (গ) এর পর নিম্নরূপ দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(গগ) রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত যে কোন বিষয়;”।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।